



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৩ ডিসেম্বর ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বান্দরবানে সেনা অপারেশন: মিজোরামে আশ্রিত শরণার্থীদের ফিরিয়ে আনুন: ইউপিডিএফ

বান্দরবানে তথাকথিত কুকি-চিন ন্যাশনাল আর্মির বিরুদ্ধে সেনা অভিযানের কারণে ভারতের মিজোরাম রাজ্যে আশ্রয় নিতে বাধ্য হওয়া পাহাড়ি (বম) শরণার্থীদের ফিরিয়ে আনার দাবি জানিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ শনিবার ৩ ডিসেম্বর ২০২২ সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে ইউপিডিএফ-এর সহসভাপতি নতুন কুমার চাকমা সরকারের কাছে উক্ত দাবি জানিয়েছেন এবং সেনা অপারেশনের ফলে জনদুর্ভোগ সৃষ্টি, নিরীহ লোকজনকে হয়রানি ও বাজারে প্রবেশে পাহাড়িদের বাধা প্রদানের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন।

তিনি বলেন, গত অক্টোবর মাস থেকে চলা সেনা অভিযানে ২৭২ জন পাহাড়ি মিজোরামে আশ্রয় নিতে বাধ্য হয়েছে বলে ভারতীয় ও আন্তর্জাতিক গণমাধ্যমে ফলাও করে প্রচার করা হয়েছে। এছাড়া ৩ হাজারের অধিক পাহাড়ি অভয়ন্তরীণ উদ্বাস্তুতে পরিণত হয়েছে, যারা বান্দরবানের বনে জঙ্গলে অনাহারে-অর্ধাহারে মানবেতর জীবন যাপন করছে বলে জানা গেছে।

ইউপিডিএফ নেতা এ প্রসঙ্গে তথাকথিত কুকি-চিন পার্টির সৃষ্টির রহস্য ও তাদের সাথে কথিত ইসলামী জঙ্গী গোষ্ঠীর সম্পৃক্ততার বিষয়ে নিরপেক্ষ তদন্তের দাবি জানান এবং বলেন, 'কুকি-চিন পার্টি পার্বত্য চট্টগ্রামের ভারত-সীমান্তবর্তী কিছু উপজেলাকে নিয়ে একটি স্বাধীন রাজ্য গঠনের দাবিতে সশস্ত্র সংগ্রামের ডাক দিলেও বাস্তবে রাষ্ট্রীয় বাহিনীর বিরুদ্ধে কোন ধরনের সশস্ত্র কার্যকলাপে না গিয়ে বরং একটি বিশেষ পাহাড়ি জাতিগোষ্ঠীর লোকজনকে নিশানা করে হত্যালীলায় মেতে উঠে, যার ফলে তাদের প্রকৃত উদ্দেশ্য এবং রাষ্ট্রীয় বাহিনীর সাথে তাদের সম্পর্কের বিষয়ে গভীর রহস্যের জট সৃষ্টি হয়।'

নতুন কুমার চাকমা বিচ্ছিন্নতাবাদের জুজু দেখিয়ে পার্বত্য চট্টগ্রামে সেনা উপস্থিতি ও সেনা নিয়ন্ত্রণ জারী রেখে জনগণের ন্যায়সঙ্গত আন্দোলন দমনের ষড়যন্ত্র চলছে বলে অভিযোগ করেন এবং অবিলম্বে এই ষড়যন্ত্র বন্ধের দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।